গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)

www.ddm.gov.bd

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫৮ তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৯

২০ মে ২০২২

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

**সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।**

**২। আজ ২০ মে ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রংপুর, দিনাজপুর, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমুহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়োহাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ০২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত (পুনঃ) ০২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

**৪। আজ ২০ মে ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থাঃ** মর্তবান উপসাগর ও তৎসংলগ্ন মায়ানমারে একটি লঘুচাপ তৈরি হয়েছে এবং বর্তমানে একই এলাকায় সুস্পষ্টলঘুচাপ আকারে অবস্থান করছে। বর্ধিতাংশ বিহার,পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

**পূর্বাভাসঃ** রংপুর, রাজশাহী,ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায়; ঢাকা ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবংখুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়ার সাথে প্রবল বিজলী চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশেরকোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপ প্রবাহ:** রাজশাহী, মাদারীপুর, চাঁদপুর ও বাগেরহাট জেলা সমূহের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | **৩৬.৮** | ২৯.৫ | ৩৬.৭ | ২৯.৯ | **৩৬.০** | ৩১.৯ | ৩৬.৪ | ৩৫.৭ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২২.০ | ২১.২ | ২২.০ | ২১.৭ | ২১.০ | **২০.৮** | ২৫.০ | ২৪.৫ |

**গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল মাদারীপুর ৩৬.৮° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা রাজারহাট ২০.৮° সেঃ।**
**(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)**

**৫। বজ্রপাত :**

সুনামগঞ্জ জেলা প্রশাসন হতে প্রাপ্ত বজ্রপাতের তথ্য নিম্নরূপ:

| ক্র.নং. | জেলার নাম | তারিখ | মৃত/আহতের নাম | বয়স | লিঙ্গ | পিতা/স্বামীর নাম | গ্রাম | ইউনিয়ন | উপজেলা | পেশা | বজ্রপাতের সময় অবস্থান ও কাজ | মৃতের সংখ্যা | আহতের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | সুনামগঞ্জ | ১৮-০৫-২০২০০ | মতিউর রহমান | ৪০ | পুরুষ | কালাচান | জামালপুর | পাইকুরহাটি | ধর্মপাশা | দিনমজুর | ধান কাটার সময় | ১ | ০ | |
| | | ১৯-০৫-২০২২ | তাহিদা | ১১ | মেয়ে | আব্দুল হালিম | সুন্দর পাহাড়ী | বাদাঘাট | তাহিরপুর | ছাত্রী | বাদাম কুড়াতে গিয়ে | ১ | ৯ | |
| | | ১৯-০৫-২০২২ | রিফাত বেগম | ১২ | মেয়ে | ফজর আলী | সুন্দর পাহাড়ী | বাদাঘাট | তাহিরপুর | ছাত্রী | বাদাম কুড়াতে গিয়ে | ১ | ০ | |
| | | ১৯-০৫-২০২২ | আমিরুল | ১১ | ছেলে | আব্দুল আজিজ | সুন্দর পাহাড়ী | বাদাঘাট | তাহিরপুর | ছাত্র | বাদাম কুড়াতে গিয়ে | ১ | ০ | |

| | | | |
|---|---|---|---|
| মোট | ৪ | ৯ | |

## ৬। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৮ মে, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ১৯ মে, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ২০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ২ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ২ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ২ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৭ | ০ | ০ |
| ৮। | খুলনা | ৪ | ০ | ০ |
| | মোট | ২০ | ০ | ০ |

## ৭। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

- গঙ্গা ও ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে, অপরদিকে পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৭২ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের গাণিতিক মডেলভিত্তিক পূর্বাভাস অনুযায়ী, আগামী ২৪ ঘন্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের আসাম, মেঘালয়, হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা প্রদেশের কতিপয় স্থানে মাঝারী থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- দেশের উত্তরাঞ্চলের ধরলা, তিস্তা ও দুধকুমার নদীর পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- সুরমা-কুশিয়ারা ব্যতীত দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলে সুনামগঞ্জ, নেত্রকোনা ও হবিগঞ্জ জেলার নদীসমূহের পানি সমতল কিছু স্থানে বিপদসীমা অতিক্রম করতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলে সিলেট জেলার বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হতে পারে, অপরদিকে সুনামগঞ্জ জেলার নিম্নাঞ্চলের কতিপয় স্থানে বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৭৮ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০ |
| হ্রাস | ২৭ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | ০৪ | **বিপদসীমার উপরে** | **০৫** |

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (২০ মে,২০২২ খৃঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| কানাইঘাট (সিলেট) | সুরমা | ১৩.৭৩ | -১৭ | ১২.৭৫ | +৯৮ |
| সিলেট | সুরমা | ১১.১৮ | -০৯ | ১০.৮০ | +৩৮ |
| সুনামগঞ্জ | সুরমা | ৭.৯৬ | -০৩ | ৭.৮০ | +১৬ |
| অমলশীদ (সিলেট) | কুশিয়ারা | ১৭.০৯ | -০৬ | ১৫.৪০ | +১৬৯ |
| শেওলা (সিলেট) | কুশিয়ারা | ১৩.৬৩ | +০১ | ১৩.০৫ | +৫৮ |

**বারিপাত তথ্য**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| লরেরগর (সুনামগঞ্জ) | ৯০.০ | সুনামগঞ্জ | ৭৮.০ | সিরাজগঞ্জ | ৭৭.০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ইটাখোলা (হবিগঞ্জ) | ৬২.০ | শেরপুর (সিলেট ) | ৬২.০ | গাইবান্ধা | ৬০.০ |
| নরসিংদী | ৫৮.০ | হবিগঞ্জ | ৫৫.০ | জারিয়াঞ্জাইল(নেত্রকোনা) | ৫৪.০ |

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| চেরাপুঞ্জি (মেঘালয়) | ৮৯.০ | আগরতলা (ত্রিপুরা) | ৫৯.০ | আইজল (মিজোরাম) | ৩৯.০ |

২০-৫-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫৮/১(১৭১)

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৯
২০ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল)
৯) জেলা প্রশাসক (সকল)
১০) উপ-পরিচালক (সকল)
১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১২) জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা (সকল)
১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২০-৫-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা